



জুলাই সনদ এবং নতুন সংবিধান বাস্তবায়ন না হলে ফেব্রুয়ারিতে নির্বাচন হবে না: নাসীরুদ্দিন পাটোয়ারী



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দিন পাটোয়ারী বলেছেন, ফেব্রুয়ারিতে নির্বাচন আয়োজন করা যাবে না। যদি ফেব্রুয়ারিতে নির্বাচন হয়, তবে জুলাই গণঅভ্যুত্থানে যারা শহীদ হয়েছেন, তাদের জীবন অন্তর্বর্তীকালীন সরকারকে ফিরিয়ে দিতে হবে।

মঙ্গলবার (১২ আগস্ট) কৃষিবিদ ইনস্টিটিউশনে জাতীয় যুবশক্তি আয়োজিত যুব সম্মেলনে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন।

নাসীরুদ্দিন পাটোয়ারী আরও বলেন, “একই ব্যবস্থার মধ্য দিয়ে নির্বাচন হলে এত মানুষের শহীদ হওয়ার প্রয়োজন হতো না।” তিনি আরও হুঁশিয়ারি দিয়ে বলেন, গণভবনের মতো বঙ্গভবনের পতনও তরুণদের হাত ধরে আসবে।

মিডিয়ার ভূমিকা নিয়ে সমালোচনা করে তিনি বলেন, দেশের সম্পাদকরা জনগণকে ধোঁকা দিচ্ছেন। ভারতের তরুণরা যেমন বিকল্প গণমাধ্যম তৈরি করেছে, বাংলাদেশেও তরুণদের তা করতে হবে। তার অভিযোগ, বাংলাদেশপন্থী সাংবাদিকদের জোর করে সংবাদ প্রচার করানো হচ্ছে এবং তারা নতুন ধরনের বন্দিশালায় আবদ্ধ হয়ে পড়েছেন।

তরুণদের কর্মসংস্থানের সংকট প্রসঙ্গে নাসীরুদ্দিন পাটোয়ারী বলেন, দালাল ব্যবসায়ী শ্রেণি তৈরি হয়েছে। বেকাররা চাকরির দাবিতে আন্দোলনে নেমেছিল, তাদের কর্মসংস্থান না হলে নির্বাচন অর্থহীন। আওয়ামী লীগ ও জাতীয় পার্টির বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, শেখ হাসিনাকে ধরে এনে বিচার করতে হবে এবং জুলাই সনদ বাস্তবায়ন করতে হবে। তাহলেই নির্বাচন সম্ভব হবে।